Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ-পত্র

৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৪ঠা জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৬ ইংরাজী 18th May 1949 { ১ম সংখ্যা


### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**শিরোরোগান্তক তৈল**

ও

**শিরোরোগান্তক ঔষধ**

উর্দ্ধশ্লেষ্মাজনিত মাথা ভার, মাথা কামড়ান এই তৈল ও ঔষধব্যবহারে প্রশমিত হয়। মূল্য তৈল এক শিশি ২॥০ টাকা ঔষধ ২ সপ্তাহ ১৲ টাকা।
চ্যবনপ্রাশ ⁄১ সের (৮০ তোলা) ১০৲ টাকা
মকরধ্বজ ১ তোলা ৮৲ টাকা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)



সাবানের সেরা

**রায়সন সাবান**

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রায়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)



**বরফ**

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্ত্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
**বহরমপুর আইস্ কোং**
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)



**১৯০৭—১৯৪৭**

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ | কোটি | ৩১ | লক্ষ | টাকার উপর |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ | ,, | ৬৩ | ,, | ,, ,, |
| প্রিমিয়ামের আয় | ... | ২ | ,, | ৬১ | ,, | ,, ,, |
| বীমা তহবিল | ... | ১০ | ,, | ৬৩ | ,, | ,, ,, |
| মোট সংস্থান | ... | ১১ | ,, | ৬৪ | ,, | ,, ,, |
| দাবী শোধ [১৯৪৭] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা | | | | |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৬ সাল

## জঙ্গিপুর সংবাদের ষট্‌ত্রিংশত্তম বর্ষ প্রবেশ

—:*:—

জঙ্গিপুর সংবাদ তার ৩৫ বৎসর বয়স অতিক্রম করিয়া ৩৬তম বৎসরে পদার্পণ করিল। রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসের স্বত্বাধিকারী ছাপার কাজ করিয়া উদরান্নের সংস্থান করিতে পারিতেন না। মুন্সেফী আদালতের ডিক্রীতে স্থাবর সম্পত্তির নিলামের বিজ্ঞাপন প্রকাশ করিয়া অন্যান্য স্থানের ছাপাখানার মালিকরা বেশ উপার্জ্জন করিতেন। ইহা দেখিয়া—নিলামের বিজ্ঞাপন প্রকাশ করিয়া রোজগারের লালসায় সন ১৩২১ সালের ৬ই জ্যৈষ্ঠ বুধবার পণ্ডিত প্রেসের স্বত্বাধিকারী শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত জঙ্গিপুর সংবাদ প্রকাশ করেন।

দ্বিতীয় বর্ষে জঙ্গিপুর সংবাদ তাহার বাঞ্ছিত নিলামের বিজ্ঞাপন পাইয়া ধন্য হইল। প্রত্যেক মাসে নিলামের ঢোল ঘাড়ে লইয়া সংবাদ-পত্র প্রকাশিত হইতে লাগিল। সম্পাদক ও প্রকাশক শরৎ পণ্ডিত নিজের পেটের জন্য নিলামের ঢোল বাজাইতে লাগিলেন, উপকার হইতে লাগিল (অবশ্য পরোক্ষে) জোতদার, রেহানদার মহাজন-দের, নিলামে সম্পত্তি ক্রয়েচ্ছু ব্যক্তিগণের। গোপনে কাহারও সম্পত্তি বিক্রয় করা বা ক্রয় করার ফন্দী ফিকির প্রায় বন্ধ হইল। এই ব্যাপার ভগীরথের গঙ্গা আনয়নের সঙ্গে তুলনা করা যায়। ভগীরথ গঙ্গা আনিলেন তাঁহার পূর্ব্ব পুরুষ সগরকুল উদ্ধারের জন্য, গঙ্গার আগমনে তাঁহার পবিত্র বারি-সংস্পর্শে উদ্ধার হইল কীট পতঙ্গ হইতে আরম্ভ করিয়া বহু মহাপ্রাণী।

অন্যের সম্পত্তি নিলাম হইবে, আমরা তাহাতে লাভবান হইব, এই উচ্চ আশা ভাগাড়ে শৃগাল শকুনির মৃত জন্তু আমদানীর আশা অপেক্ষা কোনও অংশে উচ্চতর নহে। এ বৃত্তিকে শকুন-বৃত্তি বলিলেও অত্যুক্তি হয় না। বৃত্তি ও প্রবৃত্তি যতই হীন হউক, ইহাতে আদালতের সুবিচারের সহায়তা হয়। নিলাম রদের মামলায় সরকারের ঘরে যে সমস্ত কাগজাত প্রমাণ-স্বরূপ গ্রাহ্য হয়, তাহা নষ্ট হইলেও জঙ্গিপুর সংবাদের যে কোনও বৎসরের নিলামের কাগজ প্রমাণ-স্বরূপ গ্রাহ্য হইয়া থাকে।

জঙ্গিপুর সংবাদ দুই দুইটী মহাযুদ্ধের মহার্ঘতা সহ্য করিয়াও তাহার বার্ষিক মূল্য ২৲ টাকার এক কপর্দ্দকও বৃদ্ধি করে নাই।

আমরা জঙ্গিপুর সংবাদের এই নব বর্ষ প্রবেশে প্রতিজ্ঞা করিতেছি—দুর্নীতি ও অত্যাচারের কাগজাত প্রমাণ পাইলেই তাহা পত্রস্থ করিয়া অনাচারী ও অত্যাচারীর মুখোস খুলিয়া দিতে একটুও দ্বিধা করিব না। আমাদের হিতাকাঙ্ক্ষিগণের শুভেচ্ছাই আমাদের পাথেয়।

---

### নয়নসুখ বালিকা বিদ্যালয়ের উদ্বোধন

১৪।৫।৪৯ ইং বেলা ২ ঘটিকায় জঙ্গিপুর মহকুমা হাকিম মেজর বানার্জ্জির পত্নী সুমিতা বানার্জ্জি নয়নসুখ বালিকা বিদ্যালয় আনুষ্ঠানিক-ভাবে উদ্বোধন করেন। বহু লোক নিমন্ত্রিত হইয়া সভায় উপস্থিত ছিলেন। সঙ্গীত, আবৃত্তি প্রভৃতি অনেক কিছু হয়। শ্রীযুক্তা বানার্জ্জি অতি সুন্দর ভাষায় একটি চিত্তাকর্ষক বক্তৃতা করেন। মেজর বানার্জ্জিও তাঁহার বক্তৃতায় বিদ্যালয়টীর প্রতি শুভেচ্ছা প্রকাশ করেন। প্রধান শিক্ষয়িত্রী শ্রীযুক্তা জ্যোতির্ম্ময়ী গঙ্গোপাধ্যায় বিদ্যা-লয়ের বিবরণী পাঠ করেন। বিদ্যালয়ের সভাপতি হরেক-চাঁদ ভকত সকলকে ধন্যবাদ দেন।

---

### নয়নসুখ হাই স্কুলে পারিতোষিক বিতরণ

১৪।৫।৪৯ ইং তারিখে জঙ্গিপুর মহকুমা হাকিম মেজর বানার্জ্জি এম, সি, আই, এ, এসের সভাপতিত্বে নয়নসুখ হাই স্কুলে পারিতোষিক বিতরণ হয়। বহু লোক সভায় উপস্থিত ছিলেন। মহকুমা হাকিমের সহধর্ম্মিণী সুমিতা বানার্জ্জি পুরস্কার বিতরণ করেন। ছেলেদের আবৃত্তি অত্যন্ত চিত্তাকর্ষক হয়। খেলাধূলা, আবৃত্তি, গান এবং লেখাপড়ায় যে সব ছেলেরা ভাল তাহাদিগকে পুরস্কার দেওয়া হইয়াছে। হেড মাষ্টার শ্রীযুক্ত ফটিকচন্দ্র গাঙ্গুলী যে বিবরণ পাঠ করেন তাহা হইতে স্কুলের অনেক তথ্য জানা যায়। সভাপতি মেজর বানার্জ্জি বলেন স্কুলের ভবিষ্যৎ উজ্জ্বল। সভাপতি এবং শ্রীযুক্তা বানার্জ্জিকে ধন্যবাদ দিলে পর সভা ভঙ্গ হয়।

---

### মাছ ও তরকারীর বাজার

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ৫নং ওয়ার্ডে রঘুনাথগঞ্জে নিত্য বাজার বসে। বাজারে মাছ, তরকারী এবং ফল আমদানী হইয়া থাকে। বাজারের মালিক স্থানীয় জমিদার নাথ বাবুরা, জঙ্গিপুরের নবনী বাবু এবং নেহালিয়ার শ্রীসুরেন্দ্রনারায়ণ সিংহ মহাশয়। মালিকগণ বাজার ইজারা বন্দোবস্ত দেওয়ায় ইজারাদারগণই বাজারের বিক্রেতাগণের নিকট কর ও তোলা আদায় করিয়া থাকেন। বাজারের পরিষ্করণ মালিকরা খাসে রাখিয়া-ছেন বা ইজারাদারগণের উপর ন্যস্ত করিয়া-ছেন তা তাঁহারাই বলিতে পারেন। বাজারে প্রবেশ করিবার দুইটী পথ আছে। উত্তর দিকের পথের পাশে একটী মিষ্টান্ন ও তেলে ভাজার দোকান আছে। দক্ষিণ দিকের পথটির পাশে একটী চায়ের দোকান। উভয় দোকান হইতেই উচ্ছিষ্ট জল রাস্তায় ফেলা হয়। মিষ্টান্নের দোকানের শাল পাতার উচ্ছিষ্ট ঠোঙাগুলি প্রবেশ পথে পড়িয়া থাকে। চায়ের দোকানের পরিত্যক্ত চা-গুলি রাস্তায় ছড়ায়। আমরা হাটের মালিকগণের নিকট ইহার প্রতিকার প্রার্থনা করি। হাটের চালা-গুলি সব ভাঙিয়া গিয়া তাহাদের চিহ্ন পর্য্যন্ত নাই। বৃষ্টি বাদলার দিনে বিক্রেতাগণ আশ্রয় অভাবে হাটে আসেন না।

---

### হোমিওপ্যাথিক ঔষধালয় বিক্রয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসের সন্নিকটে একটী চালু ডিস্পেন্সারীর ঔষধ ও সরঞ্জাম বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীসরস্বতী দাসী
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## বত্রিশ বৎসর আগেকার
## কেরাণী-গৃহিণী

এক সাধ্বী কাঙাল গৃহিণী স্বামীকে চাকরী স্থল জঙ্গিপুরে আসার জন্য ৺পূজার পর বিদায় দিয়ে, "জঙ্গিপুর সংবাদে" নিম্নলিখিত কবিতাটী প্রকাশ জন্য ডাকে পাঠিয়েছিলেন। আমরা ১৩২৪ সালের ৫ই অগ্রহায়ণের 'জঙ্গিপুর সংবাদে' তাহা প্রকাশ করিয়াছিলাম। বর্ত্তমানের মা-লক্ষ্মীদের দৃষ্টিপাত জন্য কবিতাটি পুনর্মুদ্রিত হইল।

### কেরাণী বিদায়

আলুভাতে ভাত রেঁধেছি
খেয়ে যাবে চাট্টি ক'রে;
বাসি মুখে গেলে পরে
বেয়ারাম হবে পিত্তি প'ড়ে।
রাস্তা খরচ নাইক হাতে
বলেছিলে আমায় কাল
টাকার জন্যে দেরী হ'ল
নইলে রাঁধা হতো ডা'ল।
পাঁচটী টাকা এলাম নিয়ে
রায় মশায়ের বাড়ী থেকে।
আনা সুদে কর্জ্জ ক'রে
খোকার তবক বাঁধা রেখে।
যাচ্ছ মেলেরিয়ার দেশে
সাবধান হ'য়ে যেন থেকো
খোকার দিব্বি থাকে তোমায়
একটি কথা মনে রেখো—
কষ্টে স্বষ্টে দিন কাটাব
না খেয়ে নয় যাব মারা।
একটী পয়সা নিয়োনাক
কেবল ন্যায্য মাইনে ছাড়া।
মনে রেখো ঘুষের টাকায়
হবেনাক কোন ফল,
কেবল লোকের অভিশাপে
খোকার হবে অমঙ্গল।
বাপের বাড়ী যাবনা আর
যদিও সুখ বাপের ঘরে,
কাঙ্গাল মোরা তাইতে আমার
বৌদিদিরা ঘেন্না করে।
যে চাল আজও ঘরে আছে
মা বেটার খুব এ মাস যাবে।
ডাকে টাকা পাঠিয়ে দিও
যখনি তুমি মাইনে পাবে।
আর বেশী ক'রোনা দেরী
হ'য়ে এল ট্রেণের বেলা,
দুর্গা দুর্গা দুর্গা দুর্গা
জয় মা সর্ব্বমঙ্গলা।
সুমতি দিওহে হরি
ধর্ম্ম রেখো দয়াময়
ঘুষের অন্ন খাবার আগে
যেন আমার মৃত্যু হয়।
কাঙ্গাল সাধুর পত্নী ক'রে
রাখিস মোয়ে মা ভবানী।
ঘুষখোর তস্করের ঘরে
চাইনা হ'তে রাজার রাণী।
ঘুষখোর বাবুর টেরীর উপর
হয় না কেন বজ্রপাত,
তাদের কাঙ্গাল কাঁদা ঐশ্বর্য্যেতে
করি আমি পদাঘাত।

—


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।


—

দাতার ১নং মূর্ত্তি

## ত্রাসক তোষণ



দাতা—আমি স্ব-ইচ্ছায় দিচ্ছি। এতো যজ্ঞে ঘী পড়ছে।
(মনে মনে) দশের দশকর্ম্ম ক'রে দশের কাজে দাতা সাজা আমার অভ্যাস।

দাতার ২নং মূর্ত্তি

## স্বজন শোষণ



দাতা—তোমার মেয়ের বিয়ের টাকা আমার কাছে জমা রেখেছ! মাথা খারাপ নাকি?
(মনে মনে) আমার বাক্স ডাকঘরের লেটার বাক্সের মত। যা দিবে ঢুকবে, বেরুবে না।

মাত্র তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED.

পণ্ডিত-প্রেসে অর্ডার দিলে সরবরাহ করা হয়।



মেট্রোপলিটন

ইন্সিওরেন্স কোং লিঃ

হেড অফিস—১১, ক্লাইভ রো

ক লি কা তা

এজেন্ট চাই

জঙ্গীপুরের পল্লী অঞ্চলের জন্য


অনুসন্ধান করুন।

শ্রীদুঃখভঞ্জন সান্যাল।






সুরবল্লী




যে সব ডাক্তাররা

সুরবল্লী ব্যবস্থা করে

দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত